

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৫(আগরতলা, ১৪।৬)

উদয়পুর, ১৪ জুন, ২০১৮

গোমতী জেলায় খাদ্য শস্য চাষের উদ্যোগ

কৃষি দপ্তরের উদ্যোগে চলতি অর্থবর্ষে গোমতী জেলায় ধান, ভুট্টা, ডাল, তৈলবীজ ইত্যাদি চাষের উদ্যোগ নেওয়া হয়েছে। দপ্তর থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, খারিফ মরশুমে জেলার ২১,১৮০ হেক্টর কৃষি জমিতে ধান, ২৬৭৫ হেক্টরে ভুট্টা, ২৪৮৪ হেক্টরে ডাল এবং ১৪১০ হেক্টরে তৈলবীজ চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।
